



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

১০ জানুয়ারি ২০২৪,

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে আজ যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে কনস্যুলেট প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতার প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জানানো হয়। এরপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পড়ে শুনানো হয়। বাঙালি জাতির এ অবিস্মরণীয় দিনে কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত বঙ্গগণ বাঙালির মুক্তি-সংগ্রামের ইতিহাসে এক কালজয়ী মহাপুরুষ, স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের জনক, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধা ভরে স্মরণ করেন।

ভারপ্রাপ্ত কনসাল জেনারেল মিস ফাহিমদা সুলতানা তার বক্তব্যের শুরুতে জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে বলেন, ১০ জানুয়ারি বাঙালি জাতির মুক্তি সংগ্রামের ইতিহাসে এক অনন্য ঐতিহাসিক দিন। বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পেয়ে ১৯৭২ সালের এই দিনে স্বদেশ প্রত্যাবর্তন করেন। আমাদের মহান নেতার আগমনে মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের পরিপূর্ণতা লাভ করে। বঙ্গবন্ধু হলেন বাঙালির স্বপ্নদ্রষ্টা, স্বাধীন বাংলার রূপকার। মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সকলের সম্মিলিত প্রচেষ্টায় জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ তথা ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ' গড়ে উঠবে এই দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।



